

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৫৯

আগরতলা, ১২ আগষ্ট, ২০১৭

বন্যা পরিস্থিতি পশ্চিম জেলাশাসক
কার্যালয়ে পর্যালোচনা বৈঠক

আজ পশ্চিম জেলার জেলাশাসকের সভাগৃহে জেলাশাসক ডাঃ মিলিন্দ রামটেকের সভাপতিত্বে পশ্চিম জেলার বন্যা পরিস্থিতি নিয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগরতলা পুর নিগমের কমিশনার দেবপ্রিয় বর্ধন, পশ্চিম জেলার এস পি অভিজিৎ সপ্তমী, সদর, মোহনপুর ও জিরানীয়ার মহকুমা শাসকগণ, টি এস আর দশম ব্যাটেলিয়ানের কমানডেন্ট এইচ ডার্লং, দ্বিতীয় ব্যাটেলিয়ানের কমানডেন্ট এস এন বিশ্বাস ছাড়াও সদর, এন সি সি ও আমতলী থানা এলাকার এস ডি পি ওগণ উপস্থিত ছিলেন।

বৈঠকে জেলাশাসক শ্রী রামটেকে বন্যাপ্রবণ এলাকায় ত্রাণ ও উদ্ধার কাজ যাতে সঠিক ভাবে হয় তারজন্য এন ডি আর এফ, টি এস আর, অসামরিক প্রতিরক্ষা, স্বেচ্ছাসেবী সংস্থা ও পশ্চিম জেলা প্রশাসনের মধ্যে আরো সমন্বয় সাধনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, আগরতলা পুর নিগম ও মহকুমা শাসকগণ যৌথ ভাবে ত্রাণ শিবিরগুলি পরিচালনা করবেন। সদর মহকুমা শাসক ডা. সমিত রায় চৌধুরী জানান, ত্রাণ শিবিরগুলোতে পানীয়জল, বিদ্যুৎ ও ঔষধের ব্যবস্থা করা হয়েছে। দেওয়া হচ্ছে রান্না করা খাবার (খিচুড়ি)। জেলা প্রশাসনে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। এর দূরভাষ নাম্বার হল -২৩২-২৯৭১। এছাড়া হেল্প লাইনের নাম্বার হল -১০৭৭।
